

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪৫
আগরতলা, ৪ নভেম্বর, ২০২৩

২৩-২৭ নভেম্বর আগরতলায় ৬৭তম জাতীয় বিদ্যালয় ভিত্তিক যোগা প্রতিযোগিতা

আগামী ২৩-২৭ নভেম্বর পাঁচ দিনব্যাপী জাতীয় বিদ্যালয় ভিত্তিক যোগা প্রতিযোগিতা আগরতলায় অনুষ্ঠিত হবে। আগরতলার এনএসআরসিসি-তে এই প্রতিযোগিতার আয়োজন করা হবে। আজ ৬৭তম জাতীয় বিদ্যালয় ভিত্তিক যোগা প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে শহীদ ভগৎ সিং যুব আবাসের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রস্তুতি সভায় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ সহ যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় ক্রীড়ামন্ত্রী টিংকু রায় রাজ্যের ঐতিহ্য ও সুনাম বজায় রেখে এই প্রতিযোগিতা আয়োজন করার উপর গুরুত্ব আরোপ করেন। প্রতিযোগিতাকে সফল করে তুলতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। উল্লেখ্য, ৬৭তম জাতীয় বিদ্যালয় ভিত্তিক যোগা প্রতিযোগিতায় ১৭ বছরের নিচে ছেলে মেয়েরা অংশ নেবে। মোট ৩০ থেকে ৩৫টি রাজ্যের ছেলে মেয়েরা এই প্রতিযোগিতায় অংশ নেবে। সভায় এই প্রতিযোগিতাকে সফল করে তোলার জন্য একটি কার্যকরী কমিটি ও বিভিন্ন উপ কমিটি গঠন করা হয়েছে।
